

ভ্যাট দিব জনে জনে
অংশ নিব উন্নয়নে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[মুসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ]


নথি নং:-০৮.০১.০০০০.০৭৫.০১০.০১০.১৯ (অংশ-১)/৩৩৮

তারিখ: ০২ জানুয়ারি ২০২৫

বিষয়: **ibas++** অনুসরণে করমেয়াদ ভিত্তিক রাজস্ব তথ্য প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, কমিশনারেটসমূহ হতে প্রাপ্ত মাসভিত্তিক রাজস্ব তথ্যের সাথে **ibas++** এর রাজস্ব তথ্যে গরমিল নিরসন করার উদ্দেশ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের ডিসেম্বর-২৪ হতে প্রতি মাসে জমাকৃত ট্রেজারী চালানের ভিত্তিতে রাজস্ব তথ্য সংকলন করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে, যেহেতু নভেম্বর-২০২৪ মাসের রাজস্ব বিবরণীতে ডিসেম্বর-২০২৪ মাসের ১৫ তারিখ পর্যন্ত ট্রেজারী চালানের মাধ্যমে জমাকৃত রাজস্ব প্রদর্শন করা হয়েছে; সেহেতু ডিসেম্বর-২০২৪ মাসের রাজস্ব বিবরণীতে উক্ত ১৫ দিনের রাজস্ব প্রদর্শন করা যাবে না।

০২। এমতাবস্থায়, প্রতি মাসের ১ম তারিখ থেকে শেষ তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে জমাকৃত রাজস্ব তথ্যের ভিত্তিতে রাজস্ব বিবরণী এ দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


[মোহাম্মদ আরিফুল ইসলাম]
প্রথম সচিব
মুসক বাস্তবায়ন

প্রাপক:

০১। কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (দক্ষিণ), ঢাকা (পূর্ব), ঢাকা (পশ্চিম), রাজশাহী, রংপুর, খুলনা, যশোর, চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট ও বৃহৎ করদাতা ইউনিট (মুসক)।

নথি নং:-০৮.০১.০০০০.৮৭৫.০১০.০১০.১৯ (অংশ-১)

তারিখ: ০২ জানুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য:

০১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২। পি এ টু সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

০৩। অফিস কপি/গার্ড ফাইল।

[মোহাম্মদ আরিফুল ইসলাম]
প্রথম সচিব